

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর  
[www.dgc.edu.bd](http://www.dgc.edu.bd)  
স্থাপিত-১৯৪২

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/প্রশা:/২০২২/১৪৪

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ  
০৬ জুন ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: থ্যালাসেমিয়া সচেতনতা এবং বিনামূল্যে বাহক নির্ণয় কর্মসূচিতে অংশগ্রহণ প্রসঙ্গে।

দিনাজপুর সরকারি কলেজের সম্মানিত বিভাগীয় প্রধানগণকে জানানো যাচ্ছে যে, বিশ্ব থ্যালাসেমিয়া দিবস ২০২২ উপলক্ষ্যে বাংলাদেশ থ্যালাসেমিয়া সমিতি ও হাসপাতাল হেমাটোকেয়ার এবং যুব রেড ক্রিসেন্ট, দিনাজপুর সরকারি কলেজ যৌথভাবে থ্যালাসেমিয়া সচেতনতা এবং বিনামূল্যে বাহক নির্ণয় কর্মসূচির উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত কর্মসূচি আগামী ০৯/০৬/২০২২ তারিখ, বৃহস্পতিবার, সকাল ০৯:০০ টা হতে কলেজ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে। স্ব স্ব বিভাগ হতে একজন শিক্ষক/শিক্ষিকাকে সংশ্লিষ্ট করে ন্যূনতম ২০ (বিশ) জন শিক্ষার্থীসহ উক্ত কর্মসূচিতে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, অংশগ্রহণকারী শিক্ষক/শিক্ষিকাসহ শিক্ষার্থীদের নামের তালিকা আগামী ০৮/০৬/২০২২ তারিখ নিম্নস্বাক্ষরকারীর অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

✓  
অধ্যক্ষ  
দিনাজপুর সরকারি কলেজ  
দিনাজপুর  
৩/৬/২২

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, অত্র কলেজ।
৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, যুব রেড ক্রিসেন্ট, দিনাজপুর সরকারি কলেজ
৪. তত্ত্বাবধায়ক, উচ্চ মাধ্যমিক শাখা, অত্র কলেজ।
৫. অফিস কপি।